

## শিক্ষা বিনিময় কর্মসূচীর অধীনে বাংলাদেশের ৭ ছাত্রছাত্রী যুক্তরাষ্ট্রে যাচ্ছে

বাংলাদেশের ৭ বিশ্ববিদ্যালয় ছাত্রছাত্রী এক শিক্ষা বিনিময় কর্মসূচীর অধীনে পাঁচ সপ্তাহের সফরে যুক্তরাষ্ট্রে যাচ্ছে। তাদের সঙ্গে ভারত ও পাকিস্তানের আরও সাতজন করে ছাত্রছাত্রী যুক্তরাষ্ট্রে যোগ দেবে। ২৯ জুন থেকে ২ আগস্ট পর্যন্ত অনুষ্ঠিতব্য এই সফরের উদ্যোক্তা হলো মার্কিন পররাষ্ট্র দফতর। যুক্তরাষ্ট্রের আভারহ্যাম্পটহেট ছাত্রছাত্রী বিনিময় কর্মসূচীর লক্ষ্য হলো আমেরিকার ইতিহাস, সরকার এবং সংস্কৃতির সঙ্গে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দেয়া। এ ধরনের প্রথম কর্মসূচীর মধ্যে রয়েছে মেরিল্যান্ড অসরাজ্যের চেস্টারটাউনে মনোরম প্রাকৃতিক পরিবেশে অবস্থিত ওয়াশিংটন কলেজে বক্তৃতামালা এবং ফিল্মডেলফিয়া, ব্যাঙ্গিটমোর, নিউইয়র্ক এবং ওয়াশিংটনের নানা স্থানে ভ্রমণ।

এই কর্মসূচীতে বাংলাদেশ থেকে যারা যাচ্ছে তারা হলো এশিয়ান ইউনিভার্সিটির তাহেরা রহমান, নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের সাজিদুল ইসলামক, ওমর ফারুক ও জেবুনেসা চৌধুরী, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মাহিন সুবরিনা করিম এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সায়েদ মিসবাহুল এবং ফারহানা শারমিন সুমী। মার্কিন দূতবাসের আমেরিকান সেন্টার এক কঠোর বাছাই প্রক্রিয়ার মাধ্যমে এদের নির্বাচন করে। এরা সবাই আভারহ্যাম্পট পর্যায়ের শেষ বর্ষের ছাত্রছাত্রী।

বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মেরি এ্যান পিটার্স এই শিক্ষার্থী বিনিময় কর্মসূচীর প্রশংসা করে বলেন, "আমি আনন্দিত যে, এই সব ছাত্রছাত্রী যুক্তরাষ্ট্র সরকারের দৈনন্দিন কাজের এবং যুক্তরাষ্ট্রের অভ্যন্তরীণ ও বৈদেশিক নীতি নির্ধারণের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের সরাসরি সান্নিধ্য লাভের সুযোগ পাবে। আমি আশ্বাসীল যে, এই কর্মসূচী তাদের যুক্তরাষ্ট্রে সম্পর্কে এবং দক্ষিণ এশিয়া ও বিশ্বের অন্যান্য অঞ্চলের সঙ্গে যুক্তরাষ্ট্রের



শিক্ষা বিনিময় কর্মসূচীর অধীনে পাঁচ সপ্তাহের সফরে যুক্তরাষ্ট্রে যাওয়ার আগে সাত বাংলাদেশী আভারহ্যাম্পটহেট ছাত্রছাত্রী বৃহস্পতিবার ঢাকায় আমেরিকান সেন্টারে মার্কিন রাষ্ট্রদূত মেরি এ্যান পিটার্সের (বাঁ থেকে চতুর্থ) সঙ্গে সাক্ষাত করেন

সম্পর্কের ব্যাপারে আরও ভাল করে জানতে অবদান রাখবে। ঢাকায় মার্কিন দূতবাস এই কর্মসূচী চালু করার ব্যাপারে সহায়তা করতে পারায় আনন্দিত। আশা করি কর্মসূচীটি ভবিষ্যতেও চালু থাকবে। আমেরিকান সেন্টারের প্রেস বিজ্ঞপ্তি।